উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর আগস্ট ২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ইমদাদুল হক তালুকদার, প্রশাসক, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
সভার তারিখ : ২৬ আগস্ট ২০২৫ খ্রি.
সময় : দুপুর ১২.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | দপ্তর/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসন | জনাব ইমদাদুল হক তালুকদার, প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, কেন্দুয়া ,নেত্রকোণা সভায় বলেন যে, সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ যেন তাঁদের উপরে ন্যস্ত দায়িত্ব সঠিক ভাবে পালন করেন। সেবা প্রত্যাশিরা কোনো ভাবেই হয়রানীয় শীকার না হয়। তিনি আরো বলেন যে, জনাব জহির রানা, গাড়ী চালক, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর ১৫.০৫.২০১২খ্রি. তারিখে উজেপ/কে/নেত্র: ০২(৭)নং স্মারক মূলে ১৫.০৫.২০১২খ্রি. তাঁরিখে উপজেলা পরিষদে যোগদান করেন। জনাব মনিরুল ইসলাম পিপুল ও জনাব মো: রঞ্জু মিয়া, অফিস সহায়ক উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর ২৭.১০.২০১৫খ্রি. তারিখের ০৫.৩০.৭২৪৭.০০৯.০৬.০১৭.১৫-২১(১৩)নং স্মরক মূলে ২৮.১০.২০১৫খ্রি. তারিখে যোগদান করেন। উল্লেখিত কর্মচারীদের যোগদানের তারিখ হতে ২৬.০৮.২০২৫তারিখে ০২(দুই) বছর পূর্ণ ও চাকুরী সন্তোষজনক হওয়ায় চাকুরী স্থায়ী করার প্রস্তাব করেন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। উপজেলা পরিষদ চাকুরী বিধিমালা ও উপজেলা সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব জহির রানা, গাড়ী চালক, জনাব মনিরুল ইসলাম পিপুল ও জনাব মো: রঞ্জু মিয়া, অফিস সহায়ক উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর চাকুরী স্থায়ী করা হলো। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা |
| ২. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, হাসপাতালে সেবার মান অনেক বৃদ্ধি পেয়েছে। হাসপাতালের আশেপাশে পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়েছে। হাসপাতালে বিনা মূল্যে বিতরণের জন্য ঔষধ সরবরাহ বৃদ্ধি পেয়েছে। কিছু দিনের মধ্যে শিশুদের মধ্যে বিনামূল্যে টিকা প্রদান করা হবে। স্বাস্থ্য বিভাগের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিভিন্ন কাযক্রমের উন্নতি হওয়ায় স্বাস্থ্য বিভাগকে ধন্যবাদ জানানো হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: দপ্তর |
| ৩. | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণিসম্পদ বিভাগের বিভিন্ন কাযক্রম স্বাভাবিক ভাবে চলছে। মৎস্য ও পশু খাদ্য বিধিমালা ২০১৩ আইন বাস্তবায়নের জন্য মোবাইল কোর্ট পরিচালনার সহযোহিতা কামনা করে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, কৃষি প্রনোদনা এবং পুনর্বাসন কর্মসূচির আওতায় কৃষকদের মাঝে বিনামূল্যে সার বীজ এবং চারা বিতরন কাযক্রম চলমান রয়েছে। কৃষি ট্রেনিং সেন্টারের সামনে যেখানে কৃষি প্রনোদনা বিতরন করা হয় সেখানে একটি পুরাতন বিদ্যুৎ এর খুঁটি রয়েছে যার জন্য প্রনোদনা বিতরণে অসুবিধা হয়। উক্ত খুঁটি সরানোর জন্য ডিজিএম পল্লী বিদ্যুৎ এর দৃষ্টি আর্কষন করেন। সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাযক্রম স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক পুরাতন বিদ্যুৎ এর খুঁটি সরানোর জন্য ডিজিএম পল্লী বিদ্যুৎকে অনুরোধ করা হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা ডিজিএম পল্লী বিদ্যুৎ |
| ৫. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, চায়না দোয়ারি জাল দিয়ে মাছের ছোট পোনা দমন করা হচ্ছে তাই ছোট মাছ যেন জাল দিয়ে দমন না করা হয় সে বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে এবং প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। তাছাড়া নদী,খাল-বিলে বাঁধ দিয়ে মাছের ছোট পোনা দমন করা হয় এই বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষন ও সহযোগিতা কামনা করেন। অফিসের সামনে সৌর বিদ্যুৎ এর প্যানেল নষ্ট হয়ে আছে মেরামতের জন্য পৌর প্রশাসককে অনুরোধ করেন। দপ্তরের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। আপাতত কোনো সমস্যা নেই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬. | উপজেলা প্রকৌশল | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, সকল জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষন করে বলেন যে, বর্তমানে উপজেলা পরিষদের অভ্যন্তরিন পানি | ০১. অভ্যন্তরীন ড্রেইন (ব্রিক ওয়াল), ০২. ভরমেটরী মেরামত ও | প্রশাসক উপজেলা পরিষদ |

| | | | | |
|---|---|---|---|---|
| | (এলজিইডি বিভাগ) | নিষ্কাশনের ব্যবস্থা নেই, যার জন্য নতুন ড্রেন নির্মাণের প্রস্তাবনা করা হয়েছে। বাস্তবতার উপর ভিত্তি করে উপজেলা পরিষদের অর্ন্তভুক্ত অফিসসমূহে আরো কিছু কাজ করা প্রয়োজন। ০১. অভ্যন্তরীণ ড্রেইন (ব্রিক ওয়াল), ০২. ডরমেটরী মেরামত ও উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবন সেমি পাকা স্টাফ কোয়ার্টার এর বাউন্ডারি উঁচু ও মেরামত করণ, ০৩.ডরমেটরী বিল্ডিং এর দক্ষিণ দিকে সিসি দ্বারা মেরামতকরণ, ০৪. গাড়ীর গ্যারেজ মেরামত ও নির্মাণ করণ, ০৫. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সামনের রাস্তা সিসি দ্বারা মেরামত করণ, ০৬. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ভিতরে ওয়াকওয়ে নির্মাণ, ০৭.উপজেলা পরিষদের অভ্যন্তরীণ প্রাইমারি স্কুল মেরামত করণ, ০৮. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনে আরসিসি ড্রেইন নির্মাণ করণ, ০৯. উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ের সামনের রাস্তা সিসি দ্বারা মেরামত করণ। তাছাড়া অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের পরিশিষ্ট "ক"তে উল্লেখিত রাস্তাগুলো আইডিভুক্ত করার প্রস্তাব দেন। | উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবন সেমি পাকা স্টাফ কোয়ার্টার এর বাউন্ডারি উঁচু ও মেরামত করণ, ০৩.ডরমেটরী বিল্ডিং এর দক্ষিণ দিকে সিসি দ্বারা মেরামতকরণ, ০৪. গাড়ীর গ্যারেজ মেরামত ও নির্মাণ করণ, ০৫. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সামনের রাস্তা সিসি দ্বারা মেরামত করণ, ০৬. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ভিতরে ওয়াকওয়ে নির্মাণ, ০৭.উপজেলা পরিষদের অভ্যন্তরীণ প্রাইমারি স্কুল মেরামত করণ, ০৮. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনে আরসিসি ড্রেইন নির্মাণ করণ, ০৯. উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ের সামনের রাস্তা সিসি দ্বারা মেরামত করণ। প্রকল্প প্রস্তাব বরাদ্দ প্রদানের নিমিত্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পরিশিষ্ট "ক"তে উল্লেখিত রাস্তাগুলো আইডিভুক্ত করার যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ৭. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থবছরের গ্রামীণ রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ১০০০মিটার রাস্তা এইচবিবি করণ করা হয়েছে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিডব্লিউবি ২০২৫-২৬ অর্থ বছরের ১৩ টি ইউনিয়ন ১৬২৫ জন নির্বাচিত করা হয়েছে। কিছু দিনের মধ্যেই তারা চাল বরাদ্দ পাবে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৯. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ০৪ টি। কেন্দ্রগুলো হলো কান্দিউড়া, গড়াডোবা, গড়া, নওপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও প.ক.কেন্দ্র। উপজেলার মোট সক্ষম দম্পতি: ৬০৪৯৩। খাবার বড়ি গ্রহণকারী ৫১২জন। ইনজেকটেবলস গ্রহণকারী ৪৫৩৫। কনডম গ্রহণকারী ৬২৬৪জন। আই ইউ ডি গ্রহণকারী ০৪জন। ইনজেকশন গ্রহণকারী ৪৬৯জন। পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান। তবে অফিসে জনবলের ঘাটতি রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রশাসন ও উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ১১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। এইচ এস সি সমমান পরীক্ষা সুষ্ঠু ভাবে বাস্তবায়ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। অফিসে জনবলের কিছু সংকট রয়েছে ফলে ফলে অফিসের দৈনিন্দ কাজ কিছুটা ব্যহত হচ্ছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে ৪২০ জন যুবক ও যুব নারীকে আত্মকর্মসংস্থানমূলক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কর্মসংস্থানের জন্য ৫৮ জন যুবক ও যুব | খেলাপী ঋণ আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | নারীর প্রতিকূলে ৩০ লক্ষ ১০ হাজার টাকা বিতরণ করা হয়েছে। বর্তমানে চলমান আদায়ের হার সন্তোষজনক হলেও পূর্বে বিতরণকৃত খেলাপীর পরিমাণ ১৫ লক্ষ ৪৩ হাজার ৮ শত ৪৩ টাকা। খেলাপী টাকার আদায়ের হার বৃদ্ধির বিষয়ে সকলের সহযোগিতা চাওয়া হয়। অফিসের ছাদ দিয়ে সামান্য বৃষ্টি হলেই পানি পরে তাছাড়া অফিসের সামনেও পানি জমে থাকে সংস্কারের প্রস্তাব করেন। দপ্তরের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সকল |
| ১৩. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, কেন্দুয়া উপজেলা সমাজসেবা কার্যালয় এর ২০২৪-২৫ অর্থবছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধীদের ভাতার আবেদনের কার্যক্রম শেষ হয়েছে এবং প্রতিবন্ধী বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে যাচাই-বাছাই কার্যক্রম শেষে ১০৬৭ জনের ভাতা নিশ্চিত করা হয়েছ। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেব কর্মকর্তা<br>ইউপি চেয়ারম্যান সকল |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তর হতে ২০২৩-২৪ অর্থ বছরে ১,২০,০০,০০০.০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিতরণকৃত ঋণ কিস্তিতে আদায় হচ্ছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৫. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক(সিনিয়র অফিসার) পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, কেন্দুয়া উপজেলার পল্লী সঞ্চয় ব্যাংকের আওতায় সমিতির সংখ্যা ৩৮১টি। সদস্য সংখ্যা ১৩৯৩৫জন। ঋণ আউটস্ট্যান্ডিং ২১,৭০,০০,০০০/-খেলাপী ঋণের পরিমাণ ১০,০০,০০,০০০/- খেলাপী ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য প্রদান কার্যালয় থেকে উকিল নোটিশ প্রদানের নির্দেশনা রয়েছে তা অচিরেই কাযকর করার সিদ্ধান্ত নেওয়া হবে। ২০২৪-২৫ অর্থ বছরে শাখার ব্যয় মিটিয়ে ১৭,০০,০০০/- উদ্বৃত রয়েছে। অফিসের সামনের সিড়িতে সকাল ১০.০০থেকে রাত ০১.০০টা পযন্ত বহিরাগত উঠতি বয়সের কিছু ছেলে এসে আড্ডা দেয় ফলে অফিসের দৈনিন্দ কাযক্রমে ব্যঘাত ঘঠে।তাছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৬. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা সমবায় বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মোজাফরপুর আশ্রয়ন প্রকল্পের নতুন ঋণ আদায়ের হার ১০০%।পরবর্তীতে নির্মিত আশ্রয়ন প্রকল্পের এ পযন্ত ০৬টি সমিতি নিবন্ধিত হয়েছে। পুরাতন খেলাপি ঋণ আদায়ের জোর প্রচেষ্টা চলছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৭. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, বর্তমানে স্মার্ট বাংলাদেশ মিশনে প্রত্যেকটি দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট্ করা খুবই জরুরি। কিন্তু আমাদের উপজেলার অনেক দপ্তর রয়েছে যেখানে ওয়েব পোর্টাল আপডেট করা নেই। তাই দ্রুত সময়ের মধ্যে স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগনকে অনুরোধ করেন। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | খুব দ্রুত সময়ের মধ্যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাত করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধানগণ<br>সহকারী প্রোগ্রামার |
| ১৮. | ইনস্ট্রাক্টর ইউআরসি | ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, সভায় বলেন যে, গেজেটেড কোয়ার্টারের দক্ষিণ পার্শ্বে পানি জমে থাকে । মাঠি ভরাটের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী এলজিইডি,<br>ইনস্ট্রাক্টর ইউআরসি |
| ১৯. | চেয়ারম্যান নওপাড়া ইউপি | চেয়ারম্যান নওপাড়া ইউপি সভায় জানান যে, অত্র ইউনিয়নের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, নওপাড়া ইউপি |
| ২০. | চেয়ারম্যান গন্ডা ইউপি | চেয়ারম্যান গন্ডা ইউপি সভায় জানান যে, অত্র ইউনিয়নের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, গন্ডা ইউপি |
| বিবিধ -১ | বিভিন্ন খরচের অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ নিম্নোক্ত খরচগুলো অনুমোদনের প্রস্তাব করেন। ০১. উপজেলা পরিষদের অভ্যন্তরে অতিবৃষ্টি এবং ঝড়ে বিভিন্ন রাস্তায় পরে যাওয়া গাছের ডালপালা কর্তনের বিল বাবদ ২১,২৫০/- চেক নং-৭৫৭৬২০৮ মুলে আবুল মিয়া, শ্রমিক, কান্দিউড়া প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ২,৫০০/- ও ১,২৫০/- টাকা প্রদান। ০২. উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার-১ এর ভিতরে ড্রেনের স্লাব নির্মাণ বাবদ ২১,২৫০/- চেক নং-৭৫৭৫৯১১ মুলে মো: মামুন মিয়া, কেন্দুয়া পৌরসভাকে, প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ২,৫০০/- ও | ০১, ও ০৩ নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে অপ্রত্যাশিত খাত হতে, ০২ ও ০৪নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে বাসাবাড়ি মেরামত খাত হতে ব্যয় মেটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১,২৫০/- টাকা প্রদান। ০৩. উপজেলা পরিষদের ভিতরে গেজেটেড কোয়ার্টারের সম্মুখে অতিরিক্ত মালবাহী ট্রাক দিয়ে হঠাৎ ইউড্রেনে স্লাব নির্মাণ বাবদ ২১,২৫০/-চেক নং-৭৫৭৫৯১৪ মূলে মো: মামুন মিয়া, কেন্দুয়া পৌরসভাকে, প্রদান সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ২,৫০০/- ও ১,২৫০/- টাকা প্রদান। ০৪. গেজেটেড কোয়ার্টারে ০২টি কাঠের দরজা ও ০৩টি জানালা মেরামত কাজের বিল বাবদ ২১,২৫০/-চেক নং-৭৫৭৫৯১৭মূলে জনাব মো: সোহাগ হাসান, কমলপুর কেন্দুয়াকে প্রদান, সেই সাথে, ভ্যাট ও আয়কর বাবদ ২,৫০০/- ও ১,২৫০/-টাকা প্রদান করা হয়। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ইমদাদুল হক তালুকদার)
প্রশাসক
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৭২১ তারিখ: ২৬ আগস্ট ২০২৫ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। জেলা প্রশাসক, নেত্রকোণা ।

(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৭২১ তারিখ: ২৬ আগস্ট ২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। উপজেলা ........................................ কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা ।
২। প্রশাসক/চেয়ারম্যান ..................................... ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৩। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

CamScanner